আজকের কাগজ

তারিখ 28 DEC 1993
পৃষ্ঠা ২ কলাম ২

৯৮

### ঢা. বি. শিক্ষকের দুর্নীতি

## 'গ' ইউনিটের ডীনের ব্যাখ্যা

গতকাল আজকের কাগজে প্রকাশিত 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের দুর্নীতি ঃ ছাত্র ভর্তির পরীক্ষা থেকে প্রাপ্ত অর্থ তহবিলে জমা হয় না'- শীর্ষক প্রকাশিত সংবাদের প্রথম অনুচ্ছেদের এক স্থানে "অন্যান্য ইউনিটেও একই ধরনের অনিয়ম রয়েছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে"- বক্তব্যের প্রতি 'গ' ইউনিটের ডীন ও প্রধান সমন্বয়কারী এবিএম খালেদের দৃষ্টি আকর্ষিত হয়েছে। এ সম্পর্কে তিনি সুস্পষ্ট ব্যাখ্যা দিয়ে বলেছেন- বাণিজ্য অনুষদের তত্ত্বাবধানে পরিচালিত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা সংক্রান্ত তহবিল চার্টার্ড এ্যাকাউন্টস ফার্ম দিয়ে যথাযথভাবে নিরীক্ষা করা হয়েছে। তাতে কোনো প্রকার দুর্নীতি বা অনিয়ম ধরা পড়েনি।

ব্যাখ্যায় তিনি বলেছেন- এ ধরনের তদন্ত করণের পদক্ষেপ গ্রহণ করা হলে তাকে অভিনন্দন জানানো হবে।